দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 1 4 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

# অষ্টম শ্রেণীর গণিত বইয়ে ভুল

অষ্টম শ্রেণীর গণিত বইয়ের অনুশীলনী-১-এর অঙ্ক করিতে বা করাইতে যাইয়া কতকগুলি গাণিতিক ভুল ধরা পড়িয়াছে। যাহার কারণে অংকগুলি করিতে অধিক মাত্রায় বিড়ম্বনার শিকার হইতে হইতেছে। অনুশীলনী-১-এর ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫ ও ১৮ নম্বর অংকসমূহে বর্ণমালাক্রমে প্রায় ৬০-৭০টি অংক রহিয়াছে। এই অংকগুলিতে ক্ষেত্রবিশেষে পৌনঃপুনিক চিহ্ন (˙) দেওয়া অত্যাবশ্যক হইলেও বইয়ের প্রশ্নে কোথাও তাহা দেওয়া হয় নাই। যেমন ১০ নম্বরের ক প্রশ্ন হইতেছে ˙২। ইহাকে সামান্য ভগ্নাংশে প্রকাশ করিতে বলা হইয়াছে। বলা বাহুল্য এই প্রশ্ন ভুল। সঠিকভাবে অংকটি করিতে হইলে ˙২-এর উপর একটি পৌনঃপুনিক বা আবৃত চিহ্ন থাকিতে হইবে। এইভাবে এই অধ্যায়ে প্রায় ৭০টি অংক ভুল ছাপা হইয়াছে। সকালের সূর্যোদয় দেখিয়া অনুমান করা যায় দিবসের আবহাওয়া কেমন হইবে। তেমনি যে বইয়ের ১ম অধ্যায়ে ভুলের শেষ নাই সেই বইটিতে বাকি সব অধ্যায়েও যে ভুল রহিয়াছে তাহা অনুমান করা অসংগত নয়। তাই অষ্টম শ্রেণীর গণিত বইটির সবকয়টি অধ্যায় ভালোভাবে প্রুফ দেখিয়া পুনঃমুদ্রণের অনুরোধ করিতেছি।

হারুনুর রশিদ আরজু,
ছাগলনাইয়া, ফেনী